৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ 18 DEC 1993
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৮ ...

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালিত

কৃষি বিশ্ববিদ্যালয়, ১৭ ডিসেম্বর (সংবাদদাতা)।- কর্মসংস্থান এবং বিসিএস ক্যাডার সার্ভিস চালুর দাবিতে বুধবার কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি-অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদের আহবানে অর্ধদিবস ধর্মঘট পালিত হয়। এসময় ক্লাস ও প্রশাসনিক কাজ সম্পূর্ণ বন্ধ ছিল। কৃষি-অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদের ছাত্র-ছাত্রীরা দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। প্রতিদিন ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল হচ্ছে। প্রধান গেটে ১ ডিসেম্বর থেকে তালা ঝুলছে।